

প্রবাসী (আমেরিকাবাসী) শিশুদের বাংলা শেখা (শিশুদের প্লাটফর্মে দাঁড়িয়ে রচিত)

অসুন্দরের বিপরীতার্থ সুন্দর যদি হয়,
অপদার্থের বিপরীতার্থ পদার্থ কেন নয়?

জলবিহীন জলচৌকি, গোল পা বিহীন পাগল;
মাথার ভেতর শব্দগুলো বাধায় গন্ডগোল।

পানকৌড়ি পান করে না, সাঁতার কাটে জলে;
খর ছাড়া গোশা, খরগোশ নাম কে রেখেছে কোন্‌কালে!

কুসুম জলে ডিমের কুসুম, আকাশ কোথায় সেথা?
আকাশ-কুসুম ভাবতে গিয়ে, গুলিয়ে গেল মাথা।

কাক ডেকেছে, রোল উঠেছে, বড়ই যে শোরগোল;
কে বা জানে, কে রেখেছে সবজির নাম কাকরোল!

তাল পেকেছে, গোল বেঁধেছে, পাকিয়ে তালগোল;
মাথার ভেতর শব্দগুলো বাধায় গন্ডগোল।

এমনি আরও শতক আছে শব্দের ভান্ডার;
গাছ-গাছালি, পশু-পাখী, আর নিত্য দিনকার.....

বাংলা শেখা সহজ তো নয়, চাট্টিখানি কথা!
সময় ক্ষেপণ ছাড়াও সাথে খাটাতে হয় মাথা।

এদেশ বসে বাংলা শিখে করবো বা টা কি?
লাগবে কাজে আর কিছুনা, কেবল ইংরেজী।

কিন্তু বাংলা না শিখলে.....

দাদু-নানুর চিঠি এলে পড়বো কেমন করে?
যেথা আদর মাথা বাংলা কথা থাকে পতাটা জুড়ে।

ফোনটা কানে ফুফু-খালা শোনায় আদরের গান;
বাংলা ছাড়া কে আর ঘুঁচায় দূরত্বের ব্যবধান?

বাবা-মা'র মুখে সকাল-সন্ধ্যা শোভা পায় যে ভাষা,
সে ভাষা আমারও মাতৃভাষা, আ-মরি বাংলা ভাষা।।

আব্দুর রহমান আবিদ

রচনাকালঃ ৯ই অক্টোবর, ২০০৮